



# ঢাকা কমার্স কলেজ

স্থাপিত - ১৯৮৯ খ্রিষ্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত) College Code: 1375 (DB), 6438 (NU), EIIN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 48033903, 48036942, 48037357

E-mail: cdhakacommercecollege@yahoo.com, Website: www.dcc.edu.bd, Facebook: Dhaka Commerce College

স্মারক নং : ঢাকক-

তারিখ: ১৬/০২/২০২৬

## বিজ্ঞপ্তি

দ্বাদশ শ্রেণির (শিক্ষাবর্ষ: ২০২৪-২৫) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ৪র্থ পর্ব (নির্বাচনি) পরীক্ষা ২০২৬ এ অংশ গ্রহণ করে যারা অকৃতকার্য হয়েছে, কিংবা অসুস্থতা/অন্যান্য কারণে পরীক্ষা দিতে পারেনি তাদের সাপ্লিমেন্টারি পরীক্ষা আগামী ২২/০২/২০২৬ তারিখ থেকে অনুষ্ঠিত হবে। প্রতি পত্রের পূর্ণমান ৩০ এবং সময় ১ ঘণ্টা। প্রতি বিষয়ে MCQ (নম্বর- ১০) এবং CQ (নম্বর- ২০) পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে। শিক্ষার্থীদের আগামী ১৮/০২/২০২৬ তারিখের মধ্যে হিসাব শাখায় প্রতি বিষয়ের জন্য ৩০০/- (তিনশত টাকা) ফি জমা দিতে হবে। সাপ্লিমেন্টারি পরীক্ষার প্রবেশপত্র প্রতিদিন পরীক্ষার হলে দেখাতে হবে। অন্যথায় সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। উল্লেখ্য যে, সাপ্লিমেন্টারি পরীক্ষার ফি কলেজের আনুসঙ্গিক প্রদেয় ফির অতিরিক্ত রশিদের মাধ্যমে পরিশোধ করতে হবে এবং তা আংশিকভাবে গ্রহণ করা হবে না।

সাপ্লিমেন্টারি পরীক্ষা শেষে স্পেশাল ক্লাসকার্যক্রমে অংশ গ্রহণ করা বাধ্যতামূলক।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে:

- প্রবেশপত্র ও পরিচয়পত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না;
- পরীক্ষার হলে বিন্দুমাত্র অসদুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে;
- পরীক্ষার দিন প্রবেশপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ, মোবাইল, প্রেছামিং ক্যালকুলেটর, স্মার্ট ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইস ইত্যাদি নিয়ে কলেজের ক্যাম্পাসে প্রবেশ করা যাবে না;
- পরীক্ষা শুরু কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে;
- পরীক্ষার হলে কলম, পেন্সিল, ইরেজার, স্কেল, ক্যালকুলেটর ইত্যাদি পরস্পর বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ;
- পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ থেকে ৬টি শব্দ লিখতে হবে;
- উত্তরপত্রের কভার পেজের পেছনের পৃষ্ঠায় লেখা শুরু করা যাবে না;
- পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করতে হবে;
- পরীক্ষার্থীকে অবশ্যই কলেজ ইউনিফর্ম পরিধান করে পরীক্ষার হলে আসতে হবে;
- উত্তরপত্রের বাম পাশে ও ওপরে পেন্সিল দিয়ে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে;
- চিত্র ব্যতীত অন্য কোথাও পেন্সিল দিয়ে লেখা যাবে না; এবং
- সাপ্লিমেন্টারি পরীক্ষার প্রবেশপত্র হারিয়ে গেলে, বাসায় রেখে আসলে বা অন্য কোনো কারণে আনতে না পারলে, পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- (একশত টাকা) টাকা জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয় ও পত্র	বিষয় কোড	সময়
২২/০২/২০২৬ (রবিবার)	বাংলা (আবশ্যিক) ১ম পত্র	১০১	১০:৩০-১১:৩০টা
২৩/০২/২০২৬ (সোমবার)	ইংরেজি (আবশ্যিক) ১ম পত্র	১০৭	১০:৩০-১১:৩০টা
২৪/০২/২০২৬ (মঙ্গলবার)	হিসাববিজ্ঞান ১ম পত্র	২৫৩	১০:৩০-১১:৩০টা
	পদার্থবিজ্ঞান ১ম পত্র	১৭৪	
২৫/০২/২০২৬ (বুধবার)	অর্থনীতি ১ম পত্র	১০৯	১০:৩০-১১:৩০টা
	পরিসংখ্যান ১ম পত্র	১২৯	
	গার্হস্থ্য বিজ্ঞান ১ম পত্র	২৭৩	
২৬/০২/২০২৬ (বৃহস্পতিবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র	২৭৭	১০:৩০-১১:৩০টা
	রসায়ন ১ম পত্র	১৭৬	
০১/০৩/২০২৬ (রবিবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র	২৮৬	১০:৩০-১১:৩০টা
	জীববিজ্ঞান ১ম পত্র	১৭৮	
০২/০৩/২০২৬ (সোমবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম পত্র	২৯২	১০:৩০-১১:৩০টা
	উচ্চতর গণিত ১ম পত্র	২৬৫	
০৩/০৩/২০২৬ (মঙ্গলবার)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক)	২৭৫	১০:৩০-১১:৩০টা
০৪/০৩/২০২৬ (বুধবার)	বাংলা (আবশ্যিক) ২য় পত্র	১০২	১০:৩০-১১:৩০টা
০৫/০৩/২০২৬ (বৃহস্পতিবার)	ইংরেজি (আবশ্যিক) ২য় পত্র	১০৮	১০:৩০-১১:৩০টা
০৮/০৩/২০২৬ (রবিবার)	অর্থনীতি ২য় পত্র	১১০	১০:৩০-১১:৩০টা
	পরিসংখ্যান ২য় পত্র	১৩০	
	গার্হস্থ্য বিজ্ঞান ২য় পত্র	২৭৪	
০৯/০৩/২০২৬ (সোমবার)	হিসাববিজ্ঞান ২য় পত্র	২৫৪	১০:৩০-১১:৩০টা
	পদার্থবিজ্ঞান ২য় পত্র	১৭৫	
১০/০৩/২০২৬ (মঙ্গলবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র	২৭৮	১০:৩০-১১:৩০টা
	রসায়ন ২য় পত্র	১৭৭	
১১/০৩/২০২৬ (বুধবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২য় পত্র	২৯৩	১০:৩০-১১:৩০টা
	উচ্চতর গণিত ২য় পত্র	২৬৬	
১২/০৩/২০২৬ (বৃহস্পতিবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ২য় পত্র	২৮৭	১০:৩০-১১:৩০টা
	জীববিজ্ঞান ২য় পত্র	১৭৯	

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

আহ্বায়ক (পরীক্ষা কীমট)

উপাধ্যক্ষ, প্রশাসন

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ক্রম	বিতরণ	স্বাক্ষর	ক্রমিক	বিতরণ	স্বাক্ষর
১	অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মহোদয়ের অফিস		৩	দ্বাদশ শ্রেণির সকল শ্রেণিকক্ষ	
২	উপাধ্যক্ষ, প্রশাসন মহোদয়ের অফিস		৪	প্রয়োজনীয় সকল বিভাগ, শিক্ষার্থী উপদেষ্টাগণ ও শাখা	